দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# পাবলিক ও প্রাইভেট ভার্সিটিগুলো জাতির আকাঙক্ষা পূরণ করতে পারছে না

সংসদ বার্তা পরিবেশক : দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলো জাতির আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতি রক্ষা করতে পারছে না। বিশ্ববিদ্যালয়ের মূল কাজ শিক্ষা ও গবেষণা হওয়া সত্ত্বেও বিশ্ববিদ্যালয়গুলো শুধু শিক্ষাদান কর্মসূচিই যথাযথভাবে প্রতিপালনে করতে সক্ষম হচ্ছে না। বিশেষ করে পাবলিক বিশ্ববিদ্যালয়ে সেশনজটে পতিত স্নাতক পর্যায়ের সকল শিক্ষাই বিপর্যস্ত। দক্ষ ও জ্ঞানী ডিগ্রিপ্রাপ্ত মানবসম্পদ আশানুরূপ তৈরি হচ্ছে না, উচ্চ শিক্ষার মানও বজায় থাকছে না।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের বার্ষিক প্রতিবেদনে দেশের উচ্চ শিক্ষা সম্পর্কে এ মূল্যায়ন করা হয়েছে। সোমবার সংসদে এ প্রতিবেদনটি উপস্থাপন করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ২০০০ সালের এ প্রতিবেদনটিতে দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম তুলে ধরা হয়।

প্রতিবেদনে বলা হয়, স্নাতকোত্তর পর্যায়ে গবেষণার মাধ্যমে জ্ঞানের নবদিগন্ত উন্মোচন করার কাজটি কোন বিশ্ববিদ্যালয়ই যথাযথভাবে পালন করছে না।

এছাড়া উচ্চ শিক্ষা লাভের উপযোগী শিক্ষার্থী সংখ্যা ও উচ্চ শিক্ষার চাহিদা বহুগুণে বৃদ্ধি পেলেও বর্তমান প্রাইভেট এবং পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোয় গুণগত মানসম্পন্ন শিক্ষাদানের সম্প্রসারণ কর্মসূচি গ্রহণ করা যায়নি। এ জন্য পরিকল্পনা ও উন্নয়ন খাতে ভৌত অবকাঠামো নির্মাণের জন্য যে বিপুল পরিমাণ আর্থিক চাহিদা রয়েছে সরকারের দেয়া উচ্চ শিক্ষা খাতে স্বল্প বরাদ্দ দিয়ে কমিশন তা মোকাবিলা করতে পারছে না। দেশের জাতীয় বাজেটে উচ্চ শিক্ষা উন্নয়নে বরাদ্দ বাড়ছে না, বরং কমে আসছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।